# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৭ | ৭ |

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও]

১. সাব্বিররা সাত বন্ধু মিলে একটি কোম্পানি গঠনের বিষয়ে নিজেদের মধ্যে আলাপ আলোচনা করেন। এ লক্ষে একজন কোম্পানি আইন বিশেষজ্ঞের সাথে পরামর্শ করতে গেলে আইন বিশেষজ্ঞ বললেন তারা যে কোম্পানি গঠন করতে চাচ্ছেন তার জন্য কোম্পানির জন্য সনদ সংগ্রহ করলেই চলবে। তবে দু'টি দলিল তৈরি করতে হবে। এত জটিলতার কথা শুনে সাব্বির ও তার বন্ধুরা সমঝোতার ভিত্তিতে আইনের আনুষ্ঠানিকতা ছাড়াই একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করলেন।

ক. বিশ্বের প্রাচীনতম ব্যবসায় সংগঠনের নাম কী? ১

খ. ব্যবসায় সংগঠন বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে সাব্বির ও তার বন্ধুরা কোন ধরনের কোম্পানি সংগঠন গঠন করতে চেয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাব্বির ও তার বন্ধুদের সর্বশেষ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২. জনাব আসাদ এক আত্মপ্রত্যয়ী যুবক। চাকরি করবেন না চাকরি দিবেন এই তার অভিপ্রায়। বিভিন্ন সরকারি-বেসরকারি মেলা, প্রদর্শনী, বিজ্ঞাপন ইত্যাদি তাকে আরো বেশি আগ্রহী করে তুলেছে। সার্বিক দিক বিবেচনা করে তিনি একটি ডেইরি ফার্ম কাম হ্যাচারি স্থাপনের সিদ্ধান্ত নেন। কিন্তু ফার্মটি স্থাপন করতে গিয়ে তিনি অবকাঠামোগত সমস্যায় পড়েন। যা থেকে উত্তরণের জন্য তিনি বিসিকের শরণাপন্ন হবেন।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. ব্যবসায় উদ্যোগ ব্যতীত আত্মকর্মসংস্থান সম্ভব নয়— ব্যাখ্যা কর। ২

গ. জনাব আসাদ কর্তৃক ডেইরি ফার্ম স্থাপনে কোন ধরনের ব্যবসায় সহায়ক সেবা ভূমিকা রেখেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আসাদের বিসিকের শরণাপন্ন হওয়ার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩. আমেরিকা প্রবাসী ফিরোজ রশিদ নিজ দেশের জন্য কিছু করার লক্ষ্যে দেশে ফেরত আসেন। বিভিন্ন দিক বিচার বিশ্লেষণ করে বিনিয়োগের সম্ভাব্য ক্ষেত্রগুলো চিহ্নিত করেন। প্রধানতঃ সস্তা শ্রমের কথা মাথায় রেখে তিনি একটি পোশাক শিল্প গড়ে তুলেন। প্রতিষ্ঠানটি প্রথম দিকে ভাল করলেও বর্তমানে তীব্র প্রতিযোগিতার সম্মুখীন। প্রতিষ্ঠানটিতে পুরনো যন্ত্রপাতি আর সনাতন পদ্ধতিতে উৎপাদন কার্যক্রম চলছে।

ক. একমালিকানা ব্যবসায় কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের অসীম দায় বলতে কী বুঝায়? ২

গ. পরিবেশের কোন উপাদান দ্বারা প্রভাবিত হয়ে উদ্দীপকের প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছিল? ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. বর্তমান প্রতিযোগিতা মোকাবেলা করার জন্য কোন ধরনের পরিবেশের প্রভাব অতি জরুরি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৪. জনাব শহিদ একটি প্রতিষ্ঠানের কর্মচারী। প্রতিষ্ঠানটি জনসাধারণের যাতায়াত সুবিধার লক্ষ্যে প্রায় ১৫০ বছর পূর্বে যাত্রা শুরু করেছিল। প্রতিষ্ঠানটিতে নাগরিকদের জন্য নিরাপদ, বিশ্বাসযোগ্য ও কার্যকরী যাতায়াত সুবিধা প্রদানের যথেষ্ট সুবিধা রয়েছে। রাষ্ট্রীয় মালিকানার এ প্রতিষ্ঠানটি কম খরচে দিন-রাত ২৪ ঘণ্টাই যাতায়াত সুবিধা প্রদান করে।

ক. রাষ্ট্রীয় ব্যবসায়-এর মূল উদ্দেশ্য কী? ১

খ. PPP বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে রাষ্ট্রীয় ব্যবসায়ের কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত প্রতিষ্ঠানটি রাষ্ট্রের মালিকানায় প্রতিষ্ঠিত হওয়ার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫. মি. তমাল এলাকার ৫০ ব্যক্তিকে নিয়ে একটি সমবায় সমিতি গঠন করেন। দেশের বিভিন্ন অঞ্চল থেকে মানসম্মত কৃষিজপণ্য সংগ্রহ করে সদস্য ও এলাকার ভোক্তাদের মধ্যে সরবরাহ করেন। ফলে তারা কমমূল্যে উন্নতমানের পণ্য ভোগের পাশাপাশি মুনাফা ভোগের সুযোগ পাচ্ছে। কিন্তু মুনাফা বণ্টনের বিষয়টি উপবিধিতে সুস্পষ্ট না হওয়ায় জটিলতার সৃষ্টি হয়েছে।

ক. সমবায় সমিতি কী? ১

খ. সমবায় উপবিধি বলতে কী বুঝায়? ২

গ. সাংগঠনিক স্তর বিচারে উদ্দীপকের সমবায় সমিতিটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জটিলতা নিরসনের জন্য সংগঠনটি কী ব্যবস্থা গ্রহণ করবে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. বাদশা ও বাদল দুই বন্ধু। লেখাপড়া শেষ করে দু'জনেই ব্যবসায় করছে। বাদশা চকবাজার থেকে বিভিন্ন পণ্য কিনে এনে নিজস্ব দোকানের মাধ্যমে এলাকার জনগণের নিকট অল্প অল্প করে বিক্রয় করে। অন্যদিকে বাদল কয়েকজন শ্রমিক নিয়ে গড়ে তোলা বেকারীর ব্রেড, বিস্কুট, কেক ইত্যাদি স্থানীয় বাজারে বিক্রয় করে অল্পদিনেই যথেষ্ট সুনাম অর্জন করে।

ক. ব্যবসায় কী? ১

খ. বাণিজ্য বলতে কী বুঝায়? ২

গ. বাদশা কোন ধরনের ব্যবসায় পরিচালনা করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোন ব্যবসায় দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অধিক ভূমিকা রাখবে বলে তুমি মনে কর? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭. 'রহমান' একজন আলু ব্যবসায়ী। তিনি বগুড়ার কৃষকদের নিকট থেকে আলু সংগ্রহ করে তা ছোট, মাঝারি, বড় বিভিন্ন ভাগে ভাগ করে; প্যাকেট করে বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। বর্তমানে তার ঘরে প্রচুর আলু রয়েছে। কিন্তু বাজারে আমদানিকৃত আলুর সরবরাহ বৃদ্ধি পাওয়ায় তিনি ক্ষতির সম্মুখীন।

ক. শিল্প কী? ১

খ. প্রত্যক্ষ সেবা বলতে কী বুঝায়? ২

গ. 'রহমান' সংগৃহীত আলু বিভিন্ন ভাগে ভাগ করার মাধ্যমে ব্যবসায়ের কোন কার্যটি সম্পন্ন করেছেন? ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. উদ্দীপকে মি. রহমান কিভাবে ক্ষতির হাত থেকে রক্ষা পেতে পারেন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮. সালাম, কামাল, তমাল ও হেলাল এই চারজনে পরিচালিত অংশীদারি ব্যবসায়ে প্রত্যেকের মূলধনের পরিমাণ সমান এবং সমান হারে মুনাফা ভোগ করে। তবে চুক্তির শর্তানুযায়ী হেলাল শুধু বিনিয়োগকৃত মূলধনের সমপরিমাণ দায় বহন করে। সম্প্রতি রহিম নামক একজন দেনাদার প্রতিষ্ঠানের পাওনা ১ লক্ষ টাকা পরিশোধে গড়িমসি করায় তারা আইনের নেয়ার কথা ভাবছে।

ক. নাবালক অংশীদারি কাকে বলে? ১

খ. অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের অংশীদারি ব্যবসায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. রহিমের নিকট থেকে পাওনা আদায়ে আইনের আশ্রয় নেয়ার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯. মিস সালেহার চাকরি করার ইচ্ছা কোনদিনই ছিল না। তাই তিনি বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রি শেষ করেই আবার সেলাই, বুটিক ইত্যাদি কাজের প্রশিক্ষণ গ্রহণ করেন। তারপর স্থানীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি বুটিক হাউস গড়ে তোলেন। অল্পদিনেই তার ব্যবসায়ে সাফল্য আসে। যা দেখে অনেকেই এরূপ ব্যবসায় এগিয়ে আসছেন।

ক. দূরদৃষ্টি কী? ১

খ. অবকাঠামোগত সমস্যা বলতে কী বুঝায়? ২

গ. প্রশিক্ষণ গ্রহণের পর মিস সালেহার কাজটিকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিস সালেহার কর্মকান্ড বেকারত্ব হ্রাসে কতটা অবদান রাখবে বলে তুমি মনে কর? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

১০. বর্তমানে দেশে ৯২টি রাসায়নিক গ্রুপের ২০০০-এর অধিক রাসায়নিক পদার্থ খাদ্য উৎপাদনে ব্যবহার করা হচ্ছে। এতে জনস্বাস্থ্য ও পরিবেশ বিরাট হুমকির মুখে পরেছে। বিভিন্ন আইন প্রণয়ন ও নির্দেশনা জারী করেও তেমন সুফল পাওয়া যাচ্ছে না। এরূপ পরিস্থিতিতে সরকার জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির উপর অধিক গুরুত্ব আরোপ করেছেন।

ক. ব্যবসায়ে নৈতিকতা কী? ১

খ. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব বলতে কী বুঝায়? ২

গ. অধিক রাসায়নিক ব্যবহারের ফলে সমাজের কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার গৃহীত সর্বশেষ ব্যবস্থার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১. জনাব মুন্না সম্প্রতি বাতাসকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদনের যন্ত্র উদ্ভাবন করেছেন। তিনি তার এ উদ্ভাবন সুরক্ষিত রাখার বিষয়ে চিন্তিত। অপরদিকে মি. শামীম একটি বই রচনা করেন। তিনি তার রচিত বইটি যেন নকল হতে না পারে সেজন্য আইনি অধিকার চান।

ক. পরিবেশ আইন কত সালের? ১

খ. 'বিমা ঝুঁকি বণ্টন ব্যবস্থা' ব্যাখ্যা কর। ২

গ. মি. মুন্না তার উদ্ভাবনটি ব্যবসায়ের কোন আইনে সুরক্ষিত রাখতে পারবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তোমার কি মনে হয় মি. শামীমকে আইনি অধিকার দেওয়া যেতে পারে? মতামত দাও। ৪

Teachingbd.com

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড | ২ | ৭ | ৭

সময় ঃ ৩০ মিনিট

পূর্ণমান—৩০

**[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]**

১. কোনটি প্রাথমিক শিল্প?
ⓚ প্রজনন ⓚ বিশ্লেষণ ⓖ নির্মাণ ⓖ সেবা পরিবেশন

২. কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য বহির্ভূত?
(ক) অনানুষ্ঠানিকতা (খ) অসীম দায়
(গ) একক মালিকানা (ঘ) স্বাধীন স্বত্তা

৩. ব্যবসায় সহায়তা দানকারী যে আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সদস্য বাংলাদেশ তা হচ্ছে—
i. WTO ii. ASEAN
iii. BIMSTEC
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
চেরনোবিলে পারমাণবিক দুর্ঘটনার পর সেখানে তেজস্ক্রিয়তা বেড়ে যাওয়ায় বাংলাদেশ সরকার সে দেশ থেকে দুগ্ধ আমদানি নিষিদ্ধ করেছে। সেই সাথে নিষিদ্ধ পণ্য যাতে কোনভাবেই দেশে প্রবেশ করতে না পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে।

৪. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী কোন ধরনের ব্যবসায়িক পরিবেশ ক্ষতিগ্রস্ত হয়েছে?
(ক) প্রাকৃতিক (খ) অর্থনৈতিক
(গ) আন্তর্জাতিক (ঘ) আইনগত

৫. নিষিদ্ধ পণ্য দেশে প্রবেশে বাঁধা প্রদানের মাধ্যমে সামাজিক দায়িত্ব পালন নিশ্চিত করা হয়েছে?
(ক) সরকার (খ) বিনিয়োগকারী
(গ) সাধারণ সম্প্রদায় (ঘ) শ্রমিক কর্মী

৬. ব্যবসায় বিনিয়োগ সংক্রান্ত ঝুঁকি গ্রহণ করে কে?
(ক) ব্যবস্থাপক (খ) উদ্যোক্তা
(গ) বিমাকারী (ঘ) সরকার

৭. রাষ্ট্রপতির আদেশবলে গঠিত কোম্পানি কোনটি?
(ক) নিবন্ধিত (খ) অনিবন্ধিত
(গ) সনদপ্রাপ্ত (ঘ) বিধিবদ্ধ

৮. নাবালককে কোন ধরনের অংশীদার বলা যেতে পারে?
(ক) প্রতিবন্ধ (খ) সীমাবদ্ধ (গ) নিষ্ক্রিয় (ঘ) নামমাত্র

৯. কত সালে ব্র্যাকের যাত্রা শুরু হয়?
(ক) ১৯৭২ (খ) ১৯৭৬ (গ) ১৯৮১ (ঘ) ১৯৯২

১০. বাজারজাতকরণ প্রসার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
(ক) রূপগত (খ) কালগত
(গ) স্বত্বগত (ঘ) জ্ঞানগত

**উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
ফারিজা কোং লি. কুয়েত থেকে অপরিশোধিত তেল আমদানি করে নিজস্ব কারখানায় তা থেকে পেট্রোল, ডিজেল, অকটেন উৎপাদন করে। পরবর্তীতে উৎপাদিত পণ্য নেপাল, ভূটান ও মায়ানমারের কাছে বিক্রয় করে।

১১. ফারিজা কোং লি. কোন প্রকারের উৎপাদন শিল্পের সাথে জড়িত?
(ক) সংযোজন (খ) যৌগিক
(গ) বিশ্লেষণ (ঘ) প্রক্রিয়াভিত্তিক

১২. ফারিজা কোং লি. এর পণ্য রপ্তানির ক্ষেত্রে কোন পরিবেশের ভূমিকা অধিক?
(ক) অর্থনৈতিক (খ) সামাজিক
(গ) প্রাকৃতিক (ঘ) রাজনৈতিক

১৩. ETP কি?
(ক) একটি সংস্থা (খ) একটি প্রকল্প
(গ) একটি প্রক্রিয়া (ঘ) বর্জ্যশোধন প্রক্রিয়া

১৪. অংশীদার হতে পারে না—
i. সচিবালয়ে কর্মরত ব্যক্তি ii. বিদেশি রাষ্ট্রদূত
iii. দেউলিয়া ব্যক্তি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
মিহির সাহেব ও তার তিন বন্ধু মিলে একটা অংশীদারি ব্যবসায় গঠন করে। চুক্তি অনুযায়ী মিহির সাহেব ব্যবসায় দেখাশুনা করেন এবং বিনিময়ে মাসে ৫,০০০ টাকা বেতন গ্রহণ করেন। সম্প্রতি মিহিরের দুই বন্ধু দেওলিয়া হওয়ায় ব্যবসায় পরিচালনায় অচল অবস্থা সৃষ্টি হয়।

১৫. মিহির কোন প্রকারের অংশীদার?
(ক) সাধারণ (খ) নিষ্ক্রিয় (গ) কর্মী (ঘ) সীমাবদ্ধ

১৬. মিহিরের ব্যবসায়টি কোন পদ্ধতিতে বিলোপ ঘটবে?
(ক) বিজ্ঞপ্তি দ্বারা (খ) বাধ্যতামূলক
(গ) ঘটনা সাপেক্ষে (ঘ) আদালতের নির্দেশে

১৭. সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সর্বনিম্ন কতজন সদস্য থাকে?
(ক) ৩ (খ) ৬ (গ) ৯ (ঘ) ১২

১৮. কোন অর্থনৈতিক ব্যবস্থায় রাষ্ট্রীয় ব্যবসায়ের সংখ্যা সর্বাধিক?
(ক) ধনতান্ত্রিক (খ) সমাজতান্ত্রিক (গ) গণতান্ত্রিক (ঘ) মিশ্র

১৯. যোগ্যতাসূচক শেয়ার কেন ক্রয় করতে হয়?
(ক) কোম্পানির মালিকানা লাভের জন্য
(খ) অধিক মুনাফা প্রাপ্তিতে সহায়ক
(গ) পরিচালক পদের যোগ্যতা অর্জন
(ঘ) নিবন্ধন প্রাপ্তি সম্ভাবনা বৃদ্ধি

২০. সমর্থনমূলক সহায়তার বৈশিষ্ট্য হলো—
i. কর অবকাশ ii. অবকাঠামো নির্মাণ
iii. ভর্তুকি প্রদান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
সিটি ব্যাংক লি. তাদের তথ্য সংরক্ষণ, ব্যবহার ও লেনদেনের সকল পর্যায়ে তথ্য প্রযুক্তি ব্যবহার করে অনলাইনে তাদের কার্যাবলি সম্পাদন করে।

২১. সিটি ব্যাংক লি. এর কার্যাবলিকে বলা হবে—
(ক) ই-মার্কেটিং (খ) ই-কমার্স
(গ) মোবাইল ব্যাংকিং (ঘ) ই-ব্যাংকিং

teachingbd.com

২২. সিটি ব্যাংক লি.-এর তথ্য প্রযুক্তি ব্যবহারের কারণ হ। —
i. গ্রাহকদের আয় বৃদ্ধি করা
ii. গ্রাহকদের দ্রুত সেবা নিশ্চিত করা
iii. গ্রাহকদের উন্নত সেবা নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. 'কর অবকাশ' কোন ধরনের শিল্প সহায়তা?
ⓚ সংরক্ষণমূলক ⓚ উদ্দীপনামূলক
ⓖ সমর্থনমূলক ⓖ আর্থিক

২৪. কোনটি সমবায় সমিতির মূলনীতির বহির্ভূত?
ⓚ সততা ⓚ সহযোগিতা
ⓖ একতা ⓖ স্বাধীনতা

২৫. শ্রমিকদের প্রতি ব্যবসায়ের দায়িত্ব হলো—
i. ন্যায্য বেতন প্রদান
ii. চাকরির নিশ্চয়তা প্রদান
iii. রাজস্ব প্রদান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ , ii ও iii

২৬. সমবায় সমিতির কমপক্ষে কত সদস্য থাকতে হবে?
ⓚ ১২ ⓚ ২০
ⓖ ৩০ ⓖ ৫০

২৭. সম্ভাব্য উদ্যোক্তাকে তথ্য প্রদান কোন ধরনের সেবা?
ⓚ সংরক্ষণমূলক ⓚ উদ্দীপনামূলক
ⓖ সমর্থনমূলক ⓖ আর্থিক

২৮. রাষ্ট্রীয় ব্যবসায়ের বৈশিষ্ট্য হলো—
i. জনকল্যাণমুখী প্রতিষ্ঠান
ii. চিরন্তন অস্তিত্ব
iii. শেয়ার বণ্টন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. WTO এর পূর্বরূপ কী?
ⓚ GAAP ⓚ GAAT
ⓖ RAT ⓖ ISO

৩০. কোনটি বাংলাদেশের সর্ববৃহৎ NGO?
ⓚ ব্র্যাক ⓚ আশা
ⓖ প্রশিকা ⓖ গ্রামীণ ব্যাংক

Teachingbd.com